

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ৮, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
আদেশ

তারিখ : ২৪ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ/০৮ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ২৬৮-আইন/২০২১।—বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৮ (২০১৮ সনের ৫১নং আইন) এর ধারা ৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বীর মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা বিতরণ আদেশ, ২০২০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আদেশের—

(১) অনুচ্ছেদ ৬ এর—

(ক) উপ-অনুচ্ছেদ (২) এর দফা (গ) এ উল্লিখিত “উপজেলা সমাজসেবা কর্মকর্তা” শব্দগুলির পরিবর্তে “ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড” শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-অনুচ্ছেদ (৩) এর দফা (গ) এ উল্লিখিত “জেলা সমাজসেবা কর্মকর্তা” শব্দগুলির পরিবর্তে “ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড” শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে;

(২) অনুচ্ছেদ ৮ এর উপ-অনুচ্ছেদ (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(৪) বীর মুক্তিযোদ্ধার স্ত্রী বা স্বামী, পিতা-মাতা ও সন্তানের অবর্তমানে সহোদর ভাই-বোন সম্মানি ভাতা প্রাপ্য হইবেন এবং কেবল জীবিত সহোদর ভাই-বোন উক্ত সম্মানি ভাতার সুবিধা সমহারে প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, কোনো বৈমাত্রেয় ভাই-বোন সম্মানি ভাতার সুবিধা প্রাপ্য হইবেন না:

(১২০৯৭)

মূল্য : টাকা ৪.০০

আরও শর্ত থাকে যে, বীর মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানগণ সম্মানি ভাতার সুবিধা ভোগরত অবস্থায় মৃত্যুবরণ করিলে, বীর মুক্তিযোদ্ধার সহোদর ভাই-বোন উক্ত সম্মানি ভাতার সুবিধা প্রাপ্য হইবেন না।”;

- (৩) অনুচ্ছেদ ১০ এর উপ-অনুচ্ছেদ (২) এ উল্লিখিত “সমাজসেবা কর্মকর্তার” শব্দগুলির পরিবর্তে “ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড এর” শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে;
- (৪) অনুচ্ছেদ ১১ এর উপ-অনুচ্ছেদ (৭) এর পর নিম্নরূপ নূতন উপ-অনুচ্ছেদ (৮), (৯) ও (১০) সংযোজিত হইবে যথা:—

“(৮) কোনো ক্ষেত্রে স্বামী-স্ত্রী বা পিতা-মাতা এবং সন্তান একইসাথে বীর মুক্তিযোদ্ধা হইলে এবং তাঁহাদের মধ্যে কোনো একজনের মৃত্যু হইলে অনুচ্ছেদ ৮ এ বর্ণিত পরিবারের অপর প্রাধিকারপ্রাপ্ত সদস্য উক্ত অনুচ্ছেদ অনুযায়ী নিজ সম্মানি ভাতার অতিরিক্ত হিসাবে মৃত্যুবরণকৃত বীর মুক্তিযোদ্ধার সম্মানি ভাতাও প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, ইলেকট্রনিক পদ্ধতিতে উক্ত ভাতা বিতরণের ক্ষেত্রে একই ব্যক্তির জাতীয় পরিচয়পত্র বা ব্যাংক হিসাবের বিপরীতে একাধিক সম্মানি ভাতা প্রদানে জটিলতা পরিহার করিবার লক্ষ্যে—

- (ক) অনুচ্ছেদ ৮ এ বর্ণিত প্রাধিকারপ্রাপ্ত পরিবারের সদস্য, পরিবারের অপর কোনো সদস্যকে, মনোনীত করিতে পারিবেন;
- (খ) অনুচ্ছেদ ৬ এ বর্ণিত কমিটির নিকট গ্রহণযোগ্য বিবেচিত হইলে মনোনীত সদস্যের জাতীয় পরিচয়পত্র ও ব্যাংক হিসাবের বিপরীতে সম্মানি ভাতা প্রদান করা যাইবে; এবং
- (গ) মনোনীত ব্যক্তির ব্যাংক হিসাবে জমাকৃত সম্মানি ভাতা উত্তোলনপূর্বক প্রাধিকারপ্রাপ্ত সদস্যকে প্রদান করিতে হইবে।

(৯) কোনো বীর মুক্তিযোদ্ধা—

- (ক) স্থায়ীভাবে বিদেশে অবস্থান করিবার কারণে জাতীয় পরিচয়পত্র না থাকিলে; বা
- (খ) নির্ধারিত ব্যাংকে নিজ নামে কোনো ব্যাংক হিসাব পরিচালনা না করিলে; বা
- (গ) মৃত্যুবরণ করিলে এবং তাহার মৃত্যুতে অনুচ্ছেদ ৮ এ বর্ণিত প্রাধিকারপ্রাপ্ত পরবর্তী সদস্য স্থায়ীভাবে বিদেশে অবস্থান করিবার কারণে উক্ত সদস্যের জাতীয় পরিচয়পত্র না থাকিলে বা কোনো ব্যাংক হিসাব পরিচালনা না করিলে

ইলেকট্রনিক পদ্ধতিতে বীর মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা বিতরণের ক্ষেত্রে জটিলতা পরিহার করিবার লক্ষ্যে—

- (ক) অনুচ্ছেদ ৮ এ বর্ণিত প্রাধিকারপ্রাপ্ত পরিবারের সদস্য, পরিবারের অপর কোনো সদস্যকে, বীর মুক্তিযোদ্ধা বা প্রাধিকারপ্রাপ্ত সদস্য কর্তৃক, যেক্ষেত্রে যাহা প্রযোজ্য, মনোনীত করিতে পারিবেন;

- (খ) অনুচ্ছেদ ৬ এ বর্ণিত কমিটির নিকট গ্রহণযোগ্য বিবেচিত হইলে মনোনীত সদস্যের জাতীয় পরিচয়পত্র এবং ব্যাংক হিসাবের বিপরীতে সম্মানি ভাতা প্রদান করা যাইবে; এবং
- (গ) মনোনীত ব্যক্তির ব্যাংক হিসাবে জমাকৃত সম্মানি ভাতা উত্তোলনপূর্বক সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধা বা প্রাধিকারপ্রাপ্ত সদস্যকে প্রদান করিতে হইবে।
- (১০) অনুচ্ছেদ ৮ এ বর্ণিত পরিবারের কোনো নাবালক বা অপ্রাপ্তবয়স্ক সদস্যের ক্ষেত্রে তাঁহার জাতীয় পরিচয়পত্র বা ব্যাংক হিসাব না থাকিবার কারণে সম্মানি ভাতা প্রাপ্তির ক্ষেত্রে জটিলতা পরিহার করিবার লক্ষ্যে—
- (ক) উক্ত অনুচ্ছেদে বর্ণিত অপর কোনো সদস্যকে মনোনীত করা যাইবে;
- (খ) অনুচ্ছেদ ৬ এ বর্ণিত কমিটির নিকট গ্রহণযোগ্য বিবেচিত হইলে মনোনীত সদস্যের জাতীয় পরিচয়পত্র এবং ব্যাংক হিসাবের বিপরীতে সম্মানি ভাতা প্রদান করা যাইবে; এবং
- (গ) মনোনীত ব্যক্তির ব্যাংক হিসাবে জমাকৃত সম্মানি ভাতা উত্তোলনপূর্বক সংশ্লিষ্ট প্রাধিকারপ্রাপ্ত নাবালক বা অপ্রাপ্তবয়স্ক সদস্যকে প্রদান করিতে হইবে।”;
- (৫) অনুচ্ছেদ ১২ এর—
- (ক) উপ-অনুচ্ছেদ (৫) এ উল্লিখিত “উপজেলা সমাজসেবা কার্যালয়” শব্দগুলির পরিবর্তে “ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড” শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে;
- (খ) উপ-অনুচ্ছেদ (৬) এ উল্লিখিত “উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়” শব্দগুলি ও কমার পরিবর্তে “ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড” শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে;
- (গ) উপ-অনুচ্ছেদ (৭) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৭) প্রতিস্থাপিত হইবে, যথা:—
- “(৭) সংশ্লিষ্ট ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড এর কার্যালয় চূড়ান্তভাবে প্রণীত সম্মানি ভাতা প্রাপকের তালিকা সংরক্ষণ করিবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খাজা মিয়া
সচিব।